# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৭২

২৯/ পানীয় (كتاب الأشربة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ যে বস্তুর অধিক পরিমাণ নেশা আনয়ন করে সেই বস্তুর কম পরিমাণও হারাম।

باب مَا جَاءَ مَا أَسْكَرَ كَثِيرُهُ فَقَلِيلُهُ حَرَامٌ

---

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى بْنُ عَبْدِ الأَعْلَى، عَنْ هِشَامِ بْنِ حَسَّانَ، عَنْ مَهْدِيِّ بْنِ مَيْمُونٍ، ح وَحَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُعَاوِيَةَ الْجُمَحِيُّ، حَدَّثَنَا مَهْدِيُّ بْنُ مَيْمُونٍ الْمَعْنَى، وَاحِدٌ، عَنْ أَبِي عُثْمَانَ الأَنْصَارِيِّ، عَنِ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ، عَنْ عَائِشَةَ، قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " كُلُّ مُسْكِرٍ حَرَامٌ مَا أَسْكَرَ الْفَرَقُ مِنْهُ فَمِلْءُ الْكَفِّ مِنْهُ حَرَامٌ " . قَالَ أَبُو عِيسَى قَالَ أَحَدُهُمَا فِي حَدِيثِهِ " الْحُسْوَةُ مِنْهُ حَرَامٌ " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ . وَقَدْ رَوَاهُ لَيْثُ بْنُ أَبِي سُلَيْمٍ وَالرَّبِيعُ بْنُ صَبِيحٍ عَنْ أَبِي عُثْمَانَ الأَنْصَارِيِّ نَحْوَ رِوَايَةِ مَهْدِيِّ بْنِ مَيْمُونٍ . وَأَبُو عُثْمَانَ الأَنْصَارِيُّ اسْمُهُ عَمْرُو بْنُ سَالِمٍ وَيُقَالُ عُمَرُ بْنُ سَالِمٍ أَيْضًا .

বাংলা

১৮৭২। মুহাম্মদ ইবনু বাশশার ও আবদুল্লাহ ইবনু মুআবিয়া (রহঃ) ... আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত যে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, নেশা সৃষ্টিকারী প্রত্যেক বস্তই হারাম। যে বস্তুর মটকা পরিমাণ নেশাগ্রস্ত করে এর হাতের তালু পরিমাণ বস্তও হারাম। সহীহ, ইরওয়া ২৩৭৬, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৬৬ [আল মাদানী প্রকাশনী]

মুহাম্মদ ইবনু বাশশার ও আবদুল্লাহ ইবনু মুআবিয়া (রহঃ)-এর একজন বলেছেনঃ এর এক ঢোক পরিমাণও হারাম।

এ হাদীসটি হাসান। লায়স ইবনু আবূ সুলায়ম এবং রাবী ইবনু সাবীহ (রহঃ)-ও এটিকে আবূ উসমান আনসারী (রহঃ) থেকে মাহাদী ইবনু মায়মূন (রহঃ)-এর অনুরূপ (১৮৭২ নং) রিওয়ায়াত করেছেন, আবূ উসমান (রহঃ)-এর নাম হল আমর ইবনু সালিম। উমার ইবনু সালিম বলেও কথিত আছে।

## English

Narrated 'Aishah:

That the Messenger of Allah (ﷺ) said: "Every intoxicant is unlawful. Whatever a Faraq of it intoxicates, then a handful of it is unlawful."

[Abu 'Eisa said:] One of them said in his Hadith: "A sip of it is unlawful."

He said: This Hadith is Hasan. Al-Laith bin Abi Sulaim and Ar-Rabi' bin Sabih reported similar to the narration of Mahdi bin Maimun from Abu 'Uthman Al-Ansari. Abu 'Uthman Al-Ansari's (a narrator in this chain) name is 'Amr bin Salim, and they say: "Umar bin Salim" (as well).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22848

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন